


দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ্য করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১.▶ নাজিয়া রংপুরে বাবা মায়ের সাথে বসবাস করে এবং পড়াশুনা শেষ করে সাভারে একটি কোম্পানিতে তার পছন্দমতো চাকরি পায়। এরপর বাবা-মাকে নিয়ে সাভারে বসবাস শুরু করে।

- ক. কাম্য জনসংখ্যা কী? ১
- খ. মাটির উর্বরতা হ্রাসে অতিরিক্ত জনসংখ্যার প্রভাব উল্লেখ কর। ২
- গ. নাজিয়া কোন প্রকৃতির অভিবাসন করেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. নাজিয়ার পরিবারের অভিবাসনের ফলে সাভার ও রংপুরের জনবৈশিষ্ট্যগত ফলাফলে কী পরিবর্তন ঘটবে? বিশ্লেষণ কর। ৪

২.▶



- ক. সৌরজগৎ কাকে বলে? ১
- খ. নীহারিকা কী? ব্যাখ্যা কর। ২
- গ. চিত্রে বর্ণিত 'A' চিহ্নিত রেখাগুলো কী? প্রধান ৩টি রেখা ব্যাখ্যা কর। ৩
- ঘ. 'B' চিহ্নিত রেখাগুলোর গুরুত্ব বিশ্লেষণ কর। ৪
- ৩.▶ সামিনা খবরে দেখলো ভূ-পৃষ্ঠের একটি স্থানে ফাটল দিয়ে গলিত পদার্থ, ভস্ম বের হচ্ছে। এ সম্পর্কে সামিনা তার বাবার কাছে জানতে চাইলে

তার বাবা বললেন, এটি একটি আকস্মিক পরিবর্তন প্রক্রিয়া এবং এর ফলে ভূপৃষ্ঠের বেশির ভাগ পরিবর্তন হয়।

ক. কাকে বলে? ১

খ. শিলা ও খনিজের পার্থক্য ব্যাখ্যা কর। ২

গ. সামিনার দেখা আকস্মিক পরিবর্তন প্রক্রিয়াটি কী কী কারণে ঘটে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ভূ-পৃষ্ঠের উপর উক্ত আকস্মিক পরিবর্তন প্রক্রিয়ার ফলাফল বিশ্লেষণ কর। ৪

৫. ► কনা বিকেল বেলা ছাদে বসে মামার সাথে গল্প করছিল। কনা তার মামাকে বলল এখন তো শীতকাল তারপরও গরম লাগছে। বর্ষাকালও দেহিতে আসলো। মামা তাকে বুঝিয়ে বললেন, বায়ুমন্ডলে এখন প্রতিনিয়ত বিভিন্ন গ্যাসের বৃদ্ধির ফলে একটি প্রতিক্রিয়া ঘটছে এবং এর সামগ্রিক প্রভাব পৃথিবীতে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করছে।

ক. বায়ুমন্ডলের কোন স্তরে হিলিয়াম ও হাইড্রোজেন গ্যাসের প্রাধান্য দেখা যায়? ১

খ. ভারতীয় উপমহাদেশের জলবায়ু ইউরোপের মতো শীতল হয় না কেন? ২

গ. উদ্দীপকে বায়ুমন্ডলে ঘটা কোন প্রতিক্রিয়াটির কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পৃথিবীর সামগ্রিক পরিবেশের উপর উক্ত প্রতিক্রিয়াটির প্রভাব বিশ্লেষণ কর। ৪

৫. ►

অঞ্চল	মৃত্তিকা	ভূমির উচ্চতা
A	বেলে পাথর, শেল	৬১০ মিটার
B	ধূসর, লালচে	৩০ মিটার

ক. বাংলাদেশের সর্বোচ্চ পর্বত শৃঙ্গের নাম কী? ১

খ. কালবৈশাখী ঝড় কীভাবে সংঘটিত হয়? ব্যাখ্যা কর। ২

গ. 'A' অঞ্চলের ভূ-প্রকৃতি বর্ণনা কর। ৩

ঘ. 'B' অঞ্চলের ভূ-প্রকৃতি ব্যাখ্যা করে প্রধান পার্থক্য বিশ্লেষণ কর। ৪


৬. ► একদল পর্যটক শীতলক্ষ্যা নদীতে নৌভ্রমণে যায়। সেখানে তারা নদীর পানির স্বাভাবিক রং না দেখে রীতিমত অবাক হয়।

- ক. বাস্তুসংস্থান কাকে বলে? ১
- খ. মাটি দূষিত হয় কিভাবে? ব্যাখ্যা কর। ২
- গ. পর্যটকদের দেখা নদীটির পানির রং স্বাভাবিক নয় কেন? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উক্ত নদীর পানির রং স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতে কী কী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন? তোমার মতামত দাও। ৪


৭. ► মনিরদের পরিবার যমুনা নদীর পারে বসবাস করতো। এ বছর বর্ষায় নদী ভাঙনের ফলে তারা ঘর-বাড়ি ও ভিটেমাটি ছেড়ে অন্য জায়গায় আশ্রয় নেয়। মনিরদের পরিবারের মতো আরও অনেক পরিবার রয়েছে যারা এ ধরনের দুর্ভোগের শিকার হয়ে স্বাভাবিক জীবনযাত্রায় ফিরে আসতে পারে না।

- ক. ভূমিকম্প কী? ১
- খ. দুর্ভোগ ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২
- গ. মনিরদের পরিবার কোন ধরনের প্রাকৃতিক বিপর্যয়ের শিকার তার কারণ ব্যাখ্যা কর। ৩
- ঘ. মনিরদের স্বাভাবিক জীবনযাত্রায় ফিরিয়ে আনতে কী ধরনের ব্যবস্থা দরকার? তোমার মতামত দাও। ৪

৮. ►



চিত্র : ১



চিত্র : ২

- ক. বায়ু প্রবাহ কাকে বলে? ১
- খ. স্থানীয় বায়ুর বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ২
- গ. চিত্র : ১ এ প্রদর্শিত বৃষ্টিপাতটি কোন ধরনের বৃষ্টিপাত? ব্যাখ্যা কর। ৩
- ঘ. চিত্র : ২ এ প্রদর্শিত বৃষ্টিপাতটির নাম কি? কোন অঙ্কলে এরূপ বৃষ্টিপাত হয়? ব্যাখ্যা কর। ৪

৯. ► শফিক সাহেব গাজীপুরে ৭০টি তাঁত নিয়ে কাপেট ও ব্যাগ তৈরির একটি কারখানা গড়ে তুলেছেন। সেখানে স্থানীয় নারী পুরুষেরা কাজ করে। অপর দিকে মামুন সাহেব ও ১০ কোটি টাকা মূলধনে সাভারে একটি পোশাক শিল্প কারখানা প্রতিষ্ঠা করেন। তিনি তার উৎপাদিত পণ্য বিদেশে রপ্তানি করেন।

- ক. বাংলাদেশে কয়টি গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়েছে? ১
খ. বনজ সম্পদ রক্ষায় কয়লার ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. শফিক সাহেবের শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত শিল্প দুটির মধ্যে কোন শিল্পটি বাংলাদেশের অর্থনীতিতে অধিক ভূমিকা রাখে? যুক্তি দাও। ৪

১০. ► শিলা যে এলাকায় বসবাস করে তার নিকটেই সুন্দরী, গোলপাতা প্রভৃতি বৃক্ষের বিশাল বনভূমি রয়েছে। শিলা বাবা-মায়ের সাথে প্রায়ই বনভূমিটিতে বেড়াতে যায়। শিলার বাবা বলেন, “অর্থনৈতিক উন্নয়ন ও পরিবেশের ভারসাম্য রক্ষায় বনভূমি খুবই গুরুত্বপূর্ণ।”

- ক. বনজ সম্পদ কাকে বলে? ১
খ. শস্য বহুমুখীকরণ কী? ব্যাখ্যা কর। ২
গ. শিলা কোন বনভূমিতে বেড়াতে গিয়েছে? বর্ণনা দাও। ৩
ঘ. শিলার বাবার বক্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

১১. ► সিমিন তার দাদার বাড়ি শিবপুর গ্রামে বেড়াতে যায়। সে দেখল এখানকার বাড়িগুলো নদীর ধার ঘেঁষে প্রায় এক লাইনে গড়ে উঠেছে। অথচ তার নিজ বাসস্থানে এক বাড়ি থেকে অন্য বাড়ি অনেক দূরে অবস্থিত এবং সেখানকার ভূমিও উঁচু নিচু।

- ক. প্রাচীনকালে কোন সুবিধার জন্য মানুষ পুঞ্জীভূত বসতি স্থাপন করে। ১
খ. নগর বসতি কী? ব্যাখ্যা কর। ২
গ. সিমিনের দাদার গ্রামে কোন ধরনের বসতি গড়ে উঠেছে। তার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. সিমিনের নিজ বাসস্থানের বসতিগুলো গড়ে ওঠার পিছনে শুধুমাত্র ভূ-প্রকৃতিই কি দায়ী? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।।

১. বিষুবরেখার অপর নাম কি?

ক) মকরক্রান্তি	খ) ককটক্রান্তি	গ) ২	ঘ) ৩
গ) কুমেরু বৃত্ত	ঘ) মহাবৃত্ত	গ) ৪	ঘ) ৫
 ২. কোন তারিখে দিন রাত্রি সমান?

ক) ২১শে ফ্রেব্রুয়ারি	খ) ২১শে জুন
গ) ২১শে মে	ঘ) ২১শে মার্চ
 ৩. অধ্যাপক কার্ল রিটার ভূগোলকে বলেছে-

ক) পৃথিবীর জ্ঞানভান্ডার
খ) পৃথিবীর জ্ঞানের আধার
গ) পৃথিবীর বর্ণনা
ঘ) পৃথিবীর বিজ্ঞান
 ৪. কোন দুটি গ্রহের উপগ্রহ নেই?

ক) বুধ ও শুক্র	খ) শুক্র ও শনি
গ) বুধ ও বৃহস্পতি	ঘ) শুক্র ও ইউরেনাস
- নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:
- সামিয়া বর্ষাকালে নানুর বাড়িতে বেড়াতে গেল। সেখানে সে বৃষ্টিপাতের অঝোরধারা দেখে বিমোহিত।
৫. সামিয়ার দেখা বৃষ্টিপাতের নাম কি?

ক) শৈলোৎক্ষেপ	খ) পরিচলন
গ) সংঘর্ষ	ঘ) ঘূর্ণিবাত
 ৬. সামিয়ার দেখা বৃষ্টিপাতের কারণ —
 - i. সূর্য লম্বাভাবে কিরণ দেয়
 - ii. শুষ্ক মহাদেশীয় বায়ু প্রবাহ
 - iii. জলীয় বাষ্পপূর্ণ মৌসুমি বায়ুপ্রবাহ
 নিচের কোনটি সঠিক?

ক) i ও ii	খ) ii ও iii
গ) i ও iii	ঘ) i, ii ও iii
 ৭. চারদিকে স্থলভাগ দ্বারা বেষ্টিত জলভাগকে কী বলে?

ক) সাগর	খ) মহাসাগর
গ) উপসাগর	ঘ) হ্রদ
 ৮. জনসংখ্যা পরিবর্তনের নিয়ামক কয়টি?

ক) ২	খ) ৩
গ) ৪	ঘ) ৫
 ৯. মৃত্যুহার বেশি কোথায়?

ক) অনুন্নত দেশ
খ) উন্নয়নশীল দেশ
গ) উন্নত দেশ
ঘ) উন্নয়নশীল অঞ্চল
 ১০. অনুন্নত দেশে মৃত্যুহার বেশি দেখা যায় কোন শ্রেণী মানুষের?

ক) বৃন্দ	খ) পুরুষ
গ) নারী	ঘ) শিশু
 ১১. বিক্ষিপ্ত বসতিগুলো কি ধরনের ভূ-প্রকৃতিতে দেখা যায়?

ক) সমতল	খ) বন্দুর
গ) নাতিশীতোষ্ণ	ঘ) উর্বর
 ১২. মূলধনের অভাবে শিল্পায়নের কী সমস্যা হয়?

ক) আয় কম হয়
খ) প্রতিযোগিতা বেড়ে যায়
গ) রপ্তানি ব্যাহত
ঘ) শিল্পায়ন বাধাগ্রস্ত হয়
 ১৩. মধুপুর ও ভাওয়ালের গড়ের মাটির বর্ণ কিরূপ?

ক) লালচে ও বাদামী	খ) লালচে ও ধূসর
গ) ধূসর ও লাল	ঘ) বাদামী ও লাল
- নিচের উদ্দীপকটি পড়ে এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :
- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের শিক্ষার্থীরা শিক্ষা সফরে রাঙামাটি গেল। শিক্ষার্থীরা দেখলো ভূমিরূপটি উঁচু ও বনভূমি ঘেরা।
১৪. আলোচ্য ভূমিরূপটি যে অঞ্চলের অন্তর্গত-

ক) পাহাড়ি অঞ্চল
খ) সোপান অঞ্চল
গ) প্লাবন সমভূমি
ঘ) বনাঞ্চল

১৫. আলোচ্য ভূমিরূপে যে বনভূমি গড়ে উঠেছে তা থেকে সংগ্রহ করা হয়—

- বাঁশ
- ফলমূল
- পশুপাখি

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. কোন অঞ্চলে পাট চাষ ভালো হয়?

- ক উষ্ণ খ শীতল
গ কম বৃষ্টিহীন ঘ নাতিশীতোষ্ণ

১৭. রশিদপুরের গ্যাস কোথায় ব্যবহৃত হয়?

- ক চা বাগানে
খ তাপ বিদ্যুৎ উৎপাদনে
গ সার কারখানা
ঘ সিমেন্ট কারখানায়

১৮. লিগনাইট কয়লা উত্তোলন করা হয় কোথায়?

- ক বড় পুকুরিয়া খ মধ্যপাড়া
গ বাখিয়া ঘ ছাতক

১৯. ১৯৮৬ সালে সিলেট জেলার হরিপুরে গ্যাস ছাড়াও আর কি পাওয়া গিয়েছে?

- ক তেল
খ কয়লা
গ বিদ্যুৎ
ঘ রাবার

২০. পানাম নগর কোথায় অবস্থিত?

- ক গাজীপুর
খ রায়েরবাজার
গ সোনারগাঁও
ঘ ময়মনসিংহ

২১. বৈদেশিক বাণিজ্যে রপ্তানি বৃদ্ধি করতে হলে—

- উৎপন্ন দ্রব্যের খরচ কমাতে হবে
 - উৎপন্ন দ্রব্যের শুল্ক বৃদ্ধি করতে হবে
 - দ্রব্য সামগ্রীর মানের উন্নয়ন ঘটাতে হবে
- নিচের কোনটি সঠিক?

- ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২২. ব্রডগেজ রেলপথ দেখা যায় কোন বিভাগ

- ক ঢাকা খ খুলনা
গ চট্টগ্রাম ঘ সিলেট

২৩. পানি দূষণের ফলাফল কোনটি?

- ক পানির উৎস কমে যাচ্ছে
খ জলজ প্রাণীর আবাসস্থল নষ্ট হচ্ছে
গ যোগাযোগ মাধ্যম নষ্ট হচ্ছে
ঘ নদী প্রবাহের বাধা সৃষ্টি হচ্ছে

২৪. বনজ প্রাণী ধ্বংসের কারণ কী?

- ক গাছপালা কমে যাওয়া
খ গাছ কম লাগানো
গ প্রাকৃতিক দুর্যোগ
ঘ বনজ সম্পদের অধিক ব্যবহার

২৫. জনসংখ্যা বৃদ্ধির ফলে অন্যান্য প্রাণীর কী ক্ষতি হচ্ছে?

- ক আবাসস্থল ধ্বংস হচ্ছে
খ খাদ্য সংকট দেখা দিয়েছে
গ শিকারের ক্ষেত্র হারাচ্ছে
ঘ বন উজাড় হয়ে যাচ্ছে

২৬. গ্রিনিচের দ্রাঘিমা কত ডিগ্রী?

- ক ১৮০° খ ৯০°
গ ৩৬০° ঘ ০°

২৭. কোন স্থানের সময় ৯টা তার থেকে ৫° পূর্বের স্থানের সময় কত?

- ক ৮:২০টা খ ৮:১০টা
গ ৯:১০টা ঘ ৯:২০টা

২৮. বাংলাদেশের রপ্তানি পণ্য কোনটি?

- ক ভোজ্য তেল
খ পোশাক
গ পেট্রোলিয়াম
ঘ ইলেকট্রনিক যন্ত্রপাতি

২৯. কোন সময় নদী ভাঙন বেশি হয়?

- ক গ্রীষ্ম খ বর্ষা
গ শীত ঘ শরৎ

৩০. বাংলাদেশের মধ্যভাগ দিয়ে কত ডিগ্রি দ্রাঘিমা রেখা অতিক্রম করেছে?

- ক ২৩.৫° উত্তর খ ৬৬.৫° উত্তর
গ ২৩.৫° দক্ষিণ ঘ ০°

উত্তর	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
উত্তর	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০